

ঢাকা ওয়াসা

- ১। ২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ফটোকপি।
- ২। মেইন ট্রান্সমিশন নেটওয়ার্কের লাইভ ড্যাশবোর্ড এর ছবি।
- ৩। অনুমোদিত দরের কপি।
- ৪। ম্যানহোল কভার উঠু করনের প্রস্তাবিত তালিকা।
- ৫। আলোচ্য কাজের ক্যালকুলেশন এর কপি।
- ৬। আলোচ্য কাজের প্রাক্কলনের কপি।

বিষয়: Hidden manhole cover rising for Gate Valve, Butterfly Valve chamber under water line network of SWTP.

০১। সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৬ পর্যন্ত দয়া করে দেখা যেতে পারে। সাপাশো ফেজ-১ ও ২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার এর অধিক পরিশোধিত পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হচ্ছে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ এর প্রায় ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইন সহ বিভিন্ন ভাঙ্গা চেম্বার Gate Valve, Butterfly Valve রয়েছে। যা রক্ষণাবেক্ষণ ও পরিচালন সাপাশো(রক্ষণাবেক্ষণ) বিভাগ হতে করা হয়ে থাকে। প্রতিটি ভাঙ্গা চেম্বার Gate Valve, Butterfly Valve ঢাকা মহানগরের মেইন রাস্তায় স্থাপিত বিধায় ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর ও দক্ষিণ) নিয়মিতভাবে রাস্তা কার্পেটিং করায় চেম্বার গুলোর কভার কার্পেটিং এর নিচে চলে গেছে। বিষয়টি ঢাকা সিটি কর্পোরেশনে (উত্তর ও দক্ষিণ) অবহিত করা হলেও তাতে অসচেতন ভাবে কার্পেটিং করার কারণে বেশ কয়েকটি ভাঙ্গা চেম্বারের লোকেশন As-built ডইং এ দেখা গেলেও তা বাস্তবে দেখা যাচ্ছে না। এছাড়াও ঢাকা শহরে ফ্লাইওভার, আন্ডারপাস, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, ওভারপাস প্রভৃতি অবকাঠামো নির্মাণ হয়েছে/হচ্ছে। এক্ষেত্রে রাস্তা উঁচু অথবা অবকাঠামোর কারণে উল্লিখিত পানির লাইনে কন্ট্রোল ভাঙ্গা সমূহ ঢাকা পড়েছে। ফলে ভাঙ্গা গুলো পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজে বাধার সৃষ্টি হচ্ছে। কাজেই দ্রুত সায়েদাবাদ পানি শোধনাগারের বিভিন্ন ভাঙ্গা চেম্বারের ম্যানহোল কভার উঠু করণ কাজ সম্পন্ন করা অতীব জরুরী।

০২। আলোচ্য কাজটি বাস্তবায়নের লক্ষ্যে পূর্ব অনুমোদিত দরের ভিত্তিতে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৪,৯৮,০৮৬.৩৫৪ (চার লক্ষ আটানব্বই হাজার আটশত ছিয়াশি দশমিক তিন পাঁচ চার) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ (কোড নং-০১-০৪-০০১) খাত হতে নির্বাহ করা যেতে পারে।

০৩। ২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভূক্ত কাজটি ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র (LTM) পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-২১৫ এবং প্যাকেজ নং-W 137 তে অন্তর্ভুক্ত রয়েছে। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PW-2b অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রমকারী হিসেবে নির্বাচিত প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটি জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।

০৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ৩.০ পর্যন্ত বর্ণনালোকে, “Hidden manhole cover rising for Gate Valve, Butterfly Valve chamber under water line network of SWTP.” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লিখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতি LTM এ দরপত্র আহ্বানের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন মোট টাঃ ৪,৯৮,০৮৬.৩৫৪ (চার লক্ষ আটানব্বই হাজার আটশত ছিয়াশি দশমিক তিন পাঁচ চার) টাকা মাত্র এর অনুমোদন।

গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় সংশোধিত রাজস্ব বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ (কোড নং-০১-০৪-০০১) খাত হতে নির্বাহের অনুমোদন।

উপরোক্ত প্রস্তাবনা সমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

মুরত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

মোঃ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।